# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০৪

১/ পবিত্রতা (كتاب الطهارة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ জানাবাতের গোসল।

## باب مَا جَاءَ فِي الْغُسْلِ مِنَ الْجَنَابَةِ

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم إِذَا أَرَادَ أَنْ يَغْتَسِلَ مِنَ الْجَنَابَةِ بَدَأَ فَغَسَلَ يَدَيْهِ قَبْلَ أَنْ يُدْخِلَهُمَا الإِنَاءَ ثُمَّ غَسَلَ فَرْجَهُ وَيَتَوَضَّأُ وُضُوءَهُ لِلصَّلاَةِ ثُمَّ يُشَرِّبُ شَعْرَهُ الْمَاءَ ثُمَّ يَحْثِي عَلَى رَأْسِهِ ثَلاَثَ حَثَيَاتٍ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَهُوَ الَّذِي اخْتَارَهُ أَهْلُ الْعِلْمِ فِي الْغُسْلِ مِنَ الْجَنَابَةِ أَنَّهُ يَتَوَضَّأُ وُضُوءَهُ لِلصَّلاَةِ ثُمَّ يُفْرِغُ عَلَى رَأْسِهِ ثَلاَثَ مَرَّاتٍ ثُمَّ يُفِيضُ الْمَاءَ عَلَى سَائِرِ جَسَدِهِ ثُمَّ يَغْسِلُ قَدَمَيْهِ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ وَقَالُوا إِنِ انْغَمَسَ الْجُنُبُ فِي الْمَاءِ وَلَمْ يَتَوَضَّأْ أَجْزَأَهُ وَهُوَ قَوْلُ الشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ .

বাংলা

১০৪. ইবনু আবী উমার (রহঃ) .... আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণনা করেন যে, রসূল জানাবাতের গোসল করতে ইচ্ছা করলে পাত্রে হাত ঢুকানোর আগে প্রথমে তা ধুয়ে নিতের। এরপর লজ্জাস্থান ধুইতেন ও সালাতের জন্য উযূ (ওজু/অজু/অযু) করার ন্যায় উযূ করতেন। পরে সবগুলি লোম পনিতে ভিজাতেন ও মাথায় তিন অঞ্জলী পানি ঢেলে দিতেন। - ইরওয়া ১৩২, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১০৪ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিযী বলেনঃ হাদিসটি হাসান ও সহীহ। আলিগণ জানাবাতের গোসলের ক্ষেত্রে এই পদ্ধতই গ্রহণ করেছেন। তারা বলেন যে, সালাতের উযূর মত উযূ করবে, মাথায় তিনবার পানি ঢালবে এবং সারা শরীরে পানি প্রবাহিত করবে এবং পরে দুই পা ধুইবে। আলিমগণ এই ক্ষেত্রে এরূপ আমলই গ্রহণ করেছেন। তারা বলেনঃ জানাবাতওয়ালা ব্যক্তি যদি পানিতে ডুব দেয় এবং যদি উযূ না করে তবু তা পবিত্রতা লাভের ক্ষেত্রে যথেষ্ট হবে। ইমাম শাফিঈ, আহমদ ও ইসহাক এবং ইমাম আবূ হানীফা (রহঃ) এর অভিমত এ-ই।

## English

Aishah narrated:
"When Allah's Messenger wanted to perform Ghusl for Janabah, he would begin by washing his hands before putting them into the vessel. Then he would wash his private area, and perform the Wudu (as one does) for Salat. Then he would wet his hair with the water, then he would pour water over his head with his hands three times."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17293

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন